বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রশাসন ডিভিশন
প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা
www.bgdcl.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.১২৪.৩৩.০০১.২৩.২৪

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

বিষয়: ...

**অফিস আদেশ-১১৮ (সংশোধনী)**

গৃহ নির্মাণ/জমি ক্রয়/বাড়ি বা ফ্ল্যাট ক্রয়/মোটর সাইকেল/বাইসাইকেল ক্রয়ের বিপরীতে অগ্রিম হিসেবে ঋণ প্রদান সংক্রান্তে গঠিত টেকনিক্যাল কমিটির অফিস আদেশ-১১৮ সূত্র নং-২৮.১১.০০০০.১১৪.৭৭.০০০.১৯/৭৯৯, তারিখ: ২৪-০২-২০১৯ এর মাধ্যমে সংশোধন করা হয় (কপি সংযুক্ত)। কাজের সংশ্লিষ্টতা বিবেচনাক্রমে ব্যবস্থাপক (বিল)-কে অন্তর্ভুক্ত করে নিম্নোক্তভাবে টেকনিক্যাল কমিটি পুনর্গঠনপূর্বক উক্ত অফিস আদেশ পুনরায় সংশোধন করা হলো:

| | | |
|---|---|---|
| ১) | উপ-মহাব্যবস্থাপক (পাইপলাইন ও পুরনির্মাণ)<br>পাইপলাইন ও পুরনির্মাণ ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | আহবায়ক |
| ২) | ব্যবস্থাপক (বিল)<br><br>হিসাব ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | সদস্য |
| ৩) | ব্যবস্থাপক(পুরনির্মাণ)/উপ-ব্যবস্থাপক (পুরনির্মাণ)<br>পাইপলাইন ও পুরনির্মাণ ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | সদস্য |
| ৪) | ব্যবস্থাপক (রো এন্ড ল্যান্ড)/উপ-ব্যবস্থাপক (রো এন্ড ল্যান্ড)<br>পাইপলাইন ও পুরনির্মাণ ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। | সদস্য-সচিব |
| ৫) | ব্যবস্থাপক (আইন)/উপ-ব্যবস্থাপক (আইন)<br>কোম্পানী সেক্রেটারিয়েট ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা | সদস্য |

২। কমিটির বিবেচ্য বিষয় ও করণীয় (TOR) :

ক) ঋণ প্রাপ্তির উদ্দেশ্যে প্রস্তাবিত জমি বা ফ্ল্যাট সম্পূর্ণ দায়মুক্ত কিনা তা কমিটি যাচাই করবে;

খ) ফ্ল্যাট ক্রয় ঋণ প্রদানের ক্ষেত্রে ফ্ল্যাটটি সম্পূর্ণ তৈরী (Ready) কিনা তা কমিটি যাচাই করবে;

গ) সম্পূর্ণ তৈরী (Ready) ফ্ল্যাট বা জমি ক্রয় বা প্লট বা জমিসহ তৈরী বাড়ি ক্রয় বা গ্রুপভিত্তিক জমি ক্রয়ের ক্ষেত্রে মঞ্জুরীপত্র ইস্যুপূর্বক নিজ নামীয় ব্যাংক হিসাবের স্বাক্ষরকৃত ফাঁকা ক্রসচেক ও নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কোম্পানি কর্তৃক নির্ধারিত চুক্তিনামা (অঙ্গীকারনামা, ক্ষতিপূরণ বন্ধনী, ক্ষমতা অর্পনপত্র) ও জামিননামার সঠিকতা কমিটি যাচাই করবে;

ঘ) গৃহ নির্মাণ/গৃহ সংস্কার ঋণের ক্ষেত্রে নির্মিতব্য বাড়ির প্রস্তাবিত জমির মালিকানা স্বত্বের মূল দলিল, নামজারির কাগজপত্র, হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ, জমির বর্তমান বাজার মূল্যের পেশাদার পুর: প্রকৌশলী (ন্যূনতম বিএসসি ইঞ্জিনিয়ারিং) বা এতদসংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়নপত্র, নিজ নামীয় ব্যাংক হিসাবের স্বাক্ষরকৃত ফাঁকা ক্রসচেক, জামিননামা ও নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কোম্পানি কর্তৃক নির্ধারিত চুক্তিনামা (অঙ্গীকারনামা, ক্ষতিপূরণ বন্ধনী, ক্ষমতা অর্পনপত্র) এবং জমির মালিকানা স্বত্বের দলিল সমূহের সঠিকতা কমিটি যাচাই করবে;

ঙ) সরকারি সংস্থা কর্তৃক নির্মাণকৃত সম্পূর্ণ তৈরী (Ready) ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে এবং নির্মাণাধীন/নির্মিতব্য ফ্ল্যাটের ক্ষেত্রে বরাদ্দকৃতপত্র/দখল হস্তান্তরপত্রের বিপরীতে প্রথমে মঞ্জুরীপত্র ইস্যু পরবর্তীতে নিজনামীয় ব্যাংক হিসাবের স্বাক্ষরকৃত ফাঁকা ক্রসচেক ও জামিননামা দাখিল করেছেন কিনা তা কমিটি নিশ্চিত করবে;

চ) সম্পূর্ণ তৈরী (Ready) ফ্ল্যাট বা জমি ক্রয় বা প্লট বা জমিসহ তৈরী বাড়ি ক্রয় বা গ্রুপভিত্তিক জমি ক্রয়ের ক্ষেত্রে প্রথম কিস্তির অর্থ প্রাপ্তির পর দ্বিতীয় কিস্তির অর্থ প্রাপ্তির জন্য দাখিলকৃত জমির মূল দলিল, নামজারির কাগজপত্র, হালনাগাদ খাজনা পরিশোধের রশিদের কপি, জমির বর্তমান বাজার মূল্যের পেশাদার পুর: প্রকৌশলী (ন্যূনতম বিএসসি ইঞ্জিনিয়ারিং) বা এতদসংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়নপত্র সমূহের সঠিকতা কমিটি যাচাই করবে;

ছ) কোম্পানির কোন কর্মকর্তা/কর্মচারী'র অনুকূলে ঋণ মঞ্জুর হলে উক্ত কর্মকর্তা/কর্মচারীকে তাঁর চূড়ান্ত পেনশন ভাতা/আনুতোষিক প্রাপ্তির জন্য মনোনীত "নমিনি" ও উক্ত কর্মকর্তা/কর্মচারীকে কোম্পানির ০১ (এক) জন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী'র (সম বা তদূর্ধ্ব পদ মর্যাদার কর্মকর্তা/কর্মচারী) নিকট হতে গ্যারান্টি গ্রহণ করতঃ মোট ০২ (দুই) জন গ্যারান্টর নিয়োগ ও চুক্তিনামা এবং জমির মালিকানা স্বত্বের দলিলপত্রসমূহ (Deeds) কোম্পানিতে দাখিলের স্মারকলিপিতে ন্যূনতম ০১ জন জামিনদার সাক্ষী থাকার বিষয়টি কমিটি নিশ্চিত করবে;

জ) ঋণ গ্রহণকারী কোন কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অন্য প্রতিষ্ঠানে ডেপুটেশনে/লিয়েনে/প্রেষণে চাকুরি করতে গেলে তাঁর ক্ষেত্রে মাসিক কিস্তি কর্তন অব্যাহত থাকবে মর্মে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জমাকৃত অঙ্গীকারনামা (কোম্পানি কর্তৃক নির্ধারিত) গ্রহণ করা হয়েছে কিনা তা কমিটি নিশ্চিত করবে;

ঝ) জমি/প্লট বা ফ্ল্যাটের বর্তমান মূল্য কমিটি বাস্তবতার নিরিখে যাচাই করবে;

ঞ) ঋণ গ্রহণকারী কোন কর্মকর্তা/কর্মচারী চাকুরি হতে স্বেচ্ছায় পদত্যাগ বা স্বেচ্ছায় অবসর গ্রহণ/মৃত্যুবরণ করলে অথবা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত/চাকুরি হতে বরখাস্ত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অপরিশোধিত সম্পূর্ণ অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ভবিষ্যত তহবিল, গ্র্যাচুইটি, পেনশনের আনুতোষিক ও প্রয়োজনে ছুটি নগদায়ন হতে আদায় করা এবং তারপরেও পরিশোধিত না হলে জমির মালিকানা স্বত্বের দলিলপত্রসমূহ (Deeds) দাখিলের স্মারকলিপি (Memorandum of Deposit of Title Deeds) এর ক্ষমতা বলে কোম্পানি বা প্রতিনিধি ঐ সম্পত্তি বিক্রয় ও তাঁর নমিনি ও গ্যারান্টরের নিকট হতে অর্থ আদায়ের বিষয়ে কোম্পানির সাথে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তিপত্রের বিষয়টি কমিটি নিশ্চিত করবে;

ট) ঋণ আদায়ে কোম্পানির স্বার্থ সংরক্ষণের নিমিত্ত ঋণ প্রদানকালে কমিটি কর্তৃক জমি/ফ্ল্যাট/প্লট ইত্যাদির দলিলাদিসহ ঋণ গ্রহণকারী কর্তৃক দাখিলকৃত অন্যান্য প্রমাণক পরবর্তীতে ভূয়া প্রমাণিত হওয়ার কারণে ঋণ আদায়ে অনিশ্চয়তা দেখা দিলে বা ঋণ আদায় সম্ভব না হলে তার দায় ভার বিজিডিসিএল পরিচালনা পর্ষদের ৬০৭ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী এ সংক্রান্ত দলিলাদি সঠিকতা প্রত্যায়নকারী কমিটির সদস্যগণের ওপর বর্তাবে; এবং

ঠ) এছাড়াও কমিটি প্রয়োজনে গৃহ নির্মাণ/জমি ক্রয়/বাড়ি বা ফ্ল্যাট ক্রয়/মোটর সাইকেল/বাইসাইকেল ক্রয় ঋণ প্রদানের ক্ষেত্রে কোম্পানিতে অনুসৃত গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০২২ এবং মোটর সাইকেল/বাইসাইকেল ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালা অনুযায়ী তাদের সুচিন্তিত মতামত/সুপারিশ প্রদান করবে।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস আদেশ জারি করা হলো।

১৪-৩-২০২৩
মোঃ শাহানুর আলম
মহাব্যবস্থাপক (প্রশাসন), চলতি দায়িত্ব

বিতরণ (কার্যার্থে) :
১) উপ-মহাব্যবস্থাপক, পিএলসিসি ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২) ব্যবস্থাপক , বিল শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৩) ব্যবস্থাপক (পুরনির্মাণ)/উপ-ব্যবস্থাপক (পুরনির্মাণ), পুরনির্মাণ শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপক (রো এন্ড ল্যান্ড)/উপ-ব্যবস্থাপক (রো এন্ড ল্যান্ড), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৫) ব্যবস্থাপক (আইন)/উপ-ব্যবস্থাপক (আইন), আইন শাখা , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.১২৪.৩৩.০০১.২৩.২৪/১(১০৮)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ / ১২ মার্চ ২০২৩

অনুলিপি (জ্ঞাতার্থে):
১) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২) সকল মহাব্যবস্থাপক/সচিব....
৩) উপ-মহাব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপক (সকল)
৫) স্থাপনা প্রধান ও অন্যান্য কর্মকর্তা

১৪-৩-২০২৩
মোঃ শাহ জাহান

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), চলতি দায়িত্ব